সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৬৭১

৯/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ১৮. কয়েদীকে শক্তভাবে বাঁধা সম্পর্কে।

باب فِي الأَسِيرِ يُوثَقُ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَمْرٍو الرَّازِيُّ، قَالَ حَدَّثَنَا سَلَمَةُ، - يَعْنِي ابْنَ الْفَضْلِ - عَنِ ابْنِ إِسْحَاقَ، قَالَ حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ أَبِي بَكْرٍ، عَنْ يَحْيَى بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ سَعْدِ بْنِ زُرَارَةَ، قَالَ قُدِمَ بِالأُسَارَى حِينَ قُدِمَ بِهِمْ وَسَوْدَةُ بِنْتُ زَمْعَةَ عِنْدَ آلِ عَفْرَاءَ فِي مُنَاخِهِمْ عَلَى عَوْفٍ وَمُعَوِّذٍ ابْنَىْ عَفْرَاءَ قَالَ وَذَلِكَ قَبْلَ أَنْ يُضْرَبَ عَلَيْهِنَّ الْحِجَابُ قَالَ تَقُولُ سَوْدَةُ وَاللَّهِ إِنِّي لَعِنْدَهُمْ إِذْ أَتَيْتُ فَقِيلَ هَؤُلاَءِ الأُسَارَى قَدْ أُتِيَ بِهِمْ ‏.‏ فَرَجَعْتُ إِلَى بَيْتِي وَرَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فِيهِ وَإِذَا أَبُو يَزِيدَ سُهَيْلُ بْنُ عَمْرٍو فِي نَاحِيَةِ الْحُجْرَةِ مَجْمُوعَةٌ يَدَاهُ إِلَى عُنُقِهِ بِحَبْلٍ ‏.‏ ثُمَّ ذَكَرَ الْحَدِيثَ ‏.‏ قَالَ أَبُو دَاوُدَ وَهُمَا قَتَلاَ أَبَا جَهْلِ بْنَ هِشَامٍ وَكَانَا انْتَدَبَا لَهُ وَلَمْ يَعْرِفَاهُ وَقُتِلاَ يَوْمَ بَدْرٍ ‏.‏

বাংলা

২৬৭১. মুহাম্মদ ইবন ’আমর (রহঃ) ..... সা’দ ইবন যুরারাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ যখন (বদর যুদ্ধের) বন্দীদের (মদীনায়) আনা হল, তখন সাওদা বিনত যাম’আ (রাঃ) আফরা গোত্রের উট বাঁধার স্থানে আফরার দুই ছেলে ’আওফ ও মুআওবিযের নিকট উপস্থিত ছিলেন। রাবী বলেনঃ আর এ ঘটনাটি ছিল তাদের উপর পর্দার আয়াত নাযিলের আগের।

রাবী বলেনঃ সাওদা বলেছেন, আল্লাহর শপথ! আমি যখন তাদের নিকট উপস্থিত ছিলাম, তখন সেখানে এক ব্যক্তি আসে। তখন তাকে বলা হয়ঃ এরা যুদ্ধবন্দী, এদের পাকড়াও করে আনা হয়েছে। এরপর আমি আমার ঘরে ফিরে যাই এবং রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেখানে উপস্থিত ছিলেন। হঠাৎ দেখি যে, হুজুরার এককোণে আবূ ইয়াযীদ সুহাইল ইবন ’আমর, যার হাত দুটি তার ঘাড়ের সাথে একত্রে বাঁধা। এরপর তিনি পূর্ণ হাদীস বর্ণনা করেন।

আবূ দাউদ বলেনঃ তারা (আওফ ও মুআওবিয) আবূ জাহল ইবন হিশামকে হত্যা করেছিল। কিন্তু তারা তাকে

চিনত না। (আবদুর রহমান ইবন আওফ তাকে চিনিয়ে দিলে) তারা উভয়ে তার নিকট গমণ করে এবং সে বদরের দিন নিহত হয়।

English

Narrated Sawdah daughter of Zam'ah:

Yahya ibn Abdullah said: When the captives (of the battle of Badr) were brought, Sawdah daughter of Zam'ah was present with the children of Afra' at the halting place of their camels, that is, Awf and Mu'awwidh sons of Afra'.

This happened before the prescription of veil for them. Sawdah said: I swear by Allah, I was with them when I came (from there to the people) and I was told: These are captives recently brought (here). I returned to my house, and the Messenger of Allah (ﷺ) was there, and AbuZayd Suhayl ibn Amr was in the corner of the apartment and his hands were tied up on his neck with a rope. He then narrated the rest of the tradition.

Abu Dawud said: They (the sons of 'Afra') killed Abu Jahl b. Hisham. They were deputed for him though they did not realize him: and they were killed in the battle of Badr.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন বর্ণনাকারীঃ সা'দ ইবন যুরারাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=34779

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন